**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/5/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

**গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘণ্টায় রেকর্ড সংখ্যক 183K এর বেশি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে**

***আজ পর্যন্ত, নিউ ইয়র্ক 5 মিলিয়ন ডোজ প্রদান করেছে; স্টেট পরিচালিত গণ টিকা প্রদান সাইটের মাধ্যমে 800K এরও বেশি প্রদান বেশি করা হয়েছে***

***আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের সরবরাহকারীরা প্রথম ডোজের 95% প্রদান করেছে***

***রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে গত 24 ঘণ্টায় COVID-19 টিকার 183,984টি প্রথম এবং দ্বিতীয় ডোজ প্রদান করা হয়েছে যা স্টেটের জন্য সর্বোচ্চ রেকর্ড। এছাড়াও গভর্নর কুওমো প্রথম ও দ্বিতীয় ডোজ হিসেবে আজ পর্যন্ত 5,143,219টি প্রদানের ঘোষণা করেছেন যার মধ্যে স্টেট পরিচালিত বৃহৎ টিকা প্রদানের সাইটগুলির দ্বারা 801,993টি ছিল। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্কের প্রদানকারীরা এখন অবধি সরবরাহ করা প্রথম ডোজের 95 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকারের 12 সপ্তাহের বরাদ্দ করা টিকাগুলি প্রদানের জন্য প্রদানকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে।

"আমরা মহামারী চলাকালীন সময়ে সবচাইতে বেশি যারা ভোগান্তিতে থেকেছে সেইসব নিম্নবিত্ত কমিউনিটিগুলিকে ঐতিহাসিকভাবে বিশেষ মনোযোগের সাথে যত দ্রুত সম্ভব এবং যতটা সম্ভব নায্যভাবে নিউ ইয়র্কবাসীকে টিকা প্রদান করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** ",কিছু কমিউনিটিতে 24/7 অপারেশন সহ আমাদের ডিস্ট্রিবিউশন সাইটের বিশাল নেটওয়ার্ক গুলি প্রতিদিনআর্মসে প্রতিদিন আরো বেশি বেশি শট পাচ্ছে। হোয়াইট হাউজে একজন সত্যিকারের অংশীদারের সাথে, আমি আত্মবিশ্বাসী যে আমরা আমাদের সাপ্তাহিক বরাদ্দ বৃদ্ধি দেখতে থাকব এবং যত তাড়াতাড়ি আমরা আরো ডোজ পাব তখনই আমরা আমাদের বিতরণ প্রচেষ্টা বৃদ্ধি করতে প্রস্তুত।"

প্রায় 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী বর্তমানে এই টিকাটি পাওয়ার যোগ্য। নিউ ইর্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহকে বহু পরিমাণে ছাড়িয়ে গেছে। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত

করা হচ্ছে এবং কোনো অ্যাপয়ন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

'আমি কি যোগ্য' স্ক্রীনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত সমস্যা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে। নিচে বরাদ্দের মোট সংখ্যা সপ্তাহ 12 এর বরাদ্দের 60 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারীর সাইটে বিতরণ করা শেষ হবে।

**রাজ্যব্যাপী বিশদ তথ্য**
প্রাপ্ত প্রথম ডোজ - 3,558,980
প্রদান করা প্রথম ডোজ - 3,371,537; 95%
প্রাপ্ত মোট ডোজ - 5,756,800
প্রদান করা মোট ডোজগুলি - 5,143,219

| অঞ্চল | প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়) | প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়) | মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়) |
|---|---|---|---|
| ক্যাপিটাল রিজিওন | 352,715 | 320,679 | 90.9% |
| সেন্ট্রাল নিউ ইয়র্ক | 313,095 | 276,966 | 88.5% |
| ফিঙ্গার লেকস | 350,410 | 324,168 | 92.5% |
| লং আইল্যান্ড | 734,325 | 623,231 | 84.9% |
| মিড-হাডসন | 553,645 | 468,129 | 84.6% |
| মোহক ভ্যালি | 171,000 | 143,296 | 83.8% |
| নিউ ইয়র্ক সিটি | 2,522,165 | 2,281,199 | 90.4% |

| | | | |
|---|---|---|---|
| নর্থ কান্ট্রি | 189,025 | 174,599 | 92.4% |
| সাউদার্ন টিয়ার | 190,745 | 178,221 | 93.4% |
| ওয়েস্টার্ন নিউ ইয়র্ক | 379,675 | 352,731 | 92.9% |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 5,756,800 | 5,143,219 | 89.3% |

| | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে** | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে** | **মোট** | **ক্রমসঞ্চিত** |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20** | 163,650 | 0 | 163,650 | 163,650 |
| **সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27** | 452,125 | 0 | 452,125 | 615,775 |
| **সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03** | 227,395 | 0 | 227,395 | 843,170 |
| **সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10** | 239,025 | 165,150 | 404,175 | 1,247,345 |
| **সপ্তাহ 5 ডোজ আসছে** | 221,315 | 119,925 | 341,240 | 1,588,585 |

| | | | | |
|---|---|---|---|---|
| 01/11 – 01/17 | | | | |
| **সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24** | 250,400 | 462,395 | 712,795 | 2,301,380 |
| **সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31** | 260,150 | 239,525 | 499,675 | 2,801,055 |
| **সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07** | 321,850 | 220,720 | 542,570 | 3,343,625 |
| **সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14** | 320,000 | 244,500 | 564,500 | 3,908,125 |
| **সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21** | 356,990 | 265,525 | 622,515 | 4,530,640 |
| **সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28** | 393,530 | 305,780 | 699,310 | 5,229,950 |
| **সপ্তাহ 12 ডোজ আসছে** | 352,550 | 174,295 | 526,850 | 5,756,800 |

| | | | | |
|---|---|---|---|---|
| **03/01 – 03/07*** | | | | |

**এই সংখ্যাগুলি সপ্তাহ 12 এর ফাইজার (Pfizer) এবং মডার্না (Moderna) এবং জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) এর 60 শতাংশের প্রতিনিধিত্ব করে। 7 মার্চ, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 12 এর বরাদ্দ এসে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের প্রদানকারীরা ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 95 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দকরণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান সুবিধাগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা উপযুক্ত তদন্তকারী সংস্থাগুলির কাছে অভিযোগ প্রদান করবেন এটি নিশ্চিত করতে যে, যেহেতু স্টেট সমগ্র যোগ্য জনসংখ্যাকে টিকা প্রদানের কাজ করছেন তাই নিউ ইয়র্কবাসীরা যেন বিশেষ সুবিধা গ্রহণ না করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন